



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি
(বিএসসিপিএলসি)
(ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন একটি
পাবলিক লিমিটেড কোম্পানি)
www.bscplc.gov.bd



নম্বর: ১৪.৩৪.০০০০.০০০.৩০৩.১৭.০০০১.২৫.১৫৮

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

প্রতিবাদলিপি

বিষয়: "খসড়া টেলিকম নীতিমালা নিয়ে বিতর্ক তুঙ্গে" শিরোনামে প্রকাশিত সংবাদে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি সম্পর্কে করা ভিত্তিহীন ও বিভ্রান্তিকর মন্তব্যের প্রতিবাদ।

"দৈনিক কালবেলা" পত্রিকার ৫ জুলাই ২০২৫ তারিখের সংখ্যায় "খসড়া টেলিকম নীতিমালা নিয়ে বিতর্ক তুঙ্গে" শিরোনামে প্রকাশিত সংবাদে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-কে নিয়ে যেসব মন্তব্য করা হয়েছে, তা ভিত্তিহীন, উদ্দেশ্যপ্রণোদিত এবং প্রতিষ্ঠানটির সুনাম ক্ষুণ্ণ করার অপচেষ্টা মাত্র। বিএসসিপিএলসি এর কোন ধরনের বক্তব্য গ্রহণ ব্যতিরেকেই এ ধরনের অসত্য ও বিভ্রান্তিকর তথ্য প্রকাশের জন্য কোম্পানির পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, "অনিয়ম-দুনীতির অভিযোগে বার বার আলোচনায় এসেছে বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি"— এই মন্তব্য সম্পূর্ণরূপে অসত্য এবং বিভ্রান্তিকর। বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি একটি রাষ্ট্রীয় মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানি যা স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সার্বিক কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠানটির বার্ষিক প্রতিবেদন, আর্থিক বিবরণী, অডিট রিপোর্ট ইত্যাদি সরকারি এবং নিয়ন্ত্রক সংস্থাসমূহের তদারকিতে নিয়মিতভাবে প্রকাশিত ও মূল্যায়িত হয়ে থাকে। প্রতিষ্ঠানটির কোনো আর্থিক অনিয়ম বা দুনীতির প্রমাণক কোনো কর্তৃপক্ষ কর্তৃক অদ্যাবধি নিরূপিত হয়নি।

সংবাদে উল্লেখিত যে, "... পাইকারি বাজারে একচেটিয়া প্রভাব থাকলেও দীর্ঘ সময় ধরে নানা অনিয়মের কারণে কোম্পানিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী লাভের মুখ দেখেনি কখনই"-এ মন্তব্যটি তথ্যগতভাবে সঠিক নয় এবং বাস্তবতাবর্জিত। উল্লেখ্য, ২০১২ সালে বিটিআরসি কর্তৃক ৬টি বেসরকারি প্রতিষ্ঠানকে আইটিসি লাইসেন্স প্রদান করা হয়। এর ফলে স্বল্প বিনিয়োগে ভারত থেকে আমদানিকৃত ব্যান্ডউইডথের বিপরীতে বিএসসিপিএলসি'র দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল সাবমেরিন ক্যাবল অবকাঠামোর মাধ্যমে সরবরাহ ব্যান্ডউইডথ একটি অসামঞ্জস্যপূর্ণ প্রতিযোগিতার সম্মুখীন হয়। এ পরিস্থিতিতে পাইকারি বাজারে বিএসসিপিএলসি'র একচেটিয়া প্রভাব রয়েছে ধারণাটি সঠিক নয়। বৈষম্যমূলক বিনিয়োগ সত্ত্বেও বিএসসিপিএলসি সবসময়ই আইটিসি অপারেটরদের সঙ্গে সম্মানজনক প্রতিযোগিতা বজায় রেখে লাভজনক কোম্পানির ধারা অব্যাহত রেখেছে। কর্পোরেট গভর্নেন্সের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থেকে বিএসসিপিএলসি বিগত বছরগুলোতে আইসিএমএবি, আইসিএসবি ও অন্যান্য জাতীয় পর্যায়ের কর্পোরেট স্বীকৃতি অর্জন করেছে। কোম্পানিটি তার প্রতিষ্ঠালগ্ন থেকেই একটি লাভজনক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হচ্ছে। সরকার হতে গৃহীত ঋণ সুদাসলে যথাসময়ে পরিশোধ করে আসছে এবং বর্তমানে একটি শক্তিশালী আর্থিক ভিত্তির ওপর প্রতিষ্ঠিত আছে-এসবই কোম্পানিটির আর্থিক স্থিতিশীলতা ও সুশাসনের উজ্জ্বল প্রতিচ্ছবি।

প্রতিবেদনে উল্লেখিত "... কাগজে-কলমে দেখানো লাভের হিসাবে জালিয়াতির অভিযোগ" সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন এবং মানহানিকর। বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি একটি শেয়ারবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান, যার আর্থিক প্রতিবেদন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল অনুমোদিত অডিট ফর্ম এবং সরকারের নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক যাচাই ও নিরীক্ষিত হয়। শেয়ারবাজারে তালিকাভুক্ত ও ধারাবাহিকভাবে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে বিএসসিপিএলসি প্রতি বছর সরকার ও অন্যান্য শেয়ারহোল্ডারদের জন্য উল্লেখযোগ্য পরিমাণে নগদ লভ্যাংশ প্রদান করে আসছে।


সুতরাং, "দৈনিক কালবেলা" পত্রিকায় প্রকাশিত সংবাদে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি সম্পর্কে যে ধরনের মনগড়া, অনুমাননির্ভর এবং বিভ্রান্তিকর মন্তব্য করা হয়েছে, তার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতে এ ধরনের সংবাদ পরিবেশনের পূর্বে যথাযথ তথ্য যাচাই-বাছাই করার জন্য সংশ্লিষ্ট সাংবাদিক ও সম্পাদনা কর্তৃপক্ষকে অনুরোধ করছি।

আমরা প্রত্যাশা করি, দেশের একটি দায়িত্বশীল ও পেশাদার গণমাধ্যম হিসেবে “দৈনিক কালবেলা” অনতিবিলম্বে এই বিভ্রান্তিকর প্রতিবেদনের সংশোধনী/প্রতিবাদলিপিটি যথাযথ গুরুত্বসহকারে প্রকাশ করবে।

সকল সংযুক্তিসমূহ:

(১) প্রকাশিত প্রতিবেদন

সংযুক্তি: প্রকাশিত প্রতিবেদন।



০৭-০৭-২০২৫

আবদুর নূর তুষার

উপব্যবস্থাপক (জনসংযোগ) (অতিরিক্ত দায়িত্ব)

dm.pr@bscplc.gov.bd

সম্পাদক ও প্রকাশক, দৈনিক কালবেলা, নিউ মার্কেট সিটি কমপ্লেক্স, লেভেল-৬, ৪৪/১, রহিম স্কয়ার, নিউ মার্কেট, ঢাকা-১২০৫।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ২। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৩। একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)।

